

## বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৩৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. মুসাফির ও পীড়িত ব্যক্তির সালাত - সফর অবস্থায় যুহর ও আসর সালাত জমা (একত্র) করে আদায় করার বিধান

আরবী

وَعَنْ أَنَسٍ: كَانَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - إِذَا ارْتَحَلَ قَبْلَ أَنْ تَزِيغَ الشَّمْسُ  
أَخَّرَ الظُّهْرَ إِلَى وَقْتِ الْعَصْرِ، ثُمَّ نَزَلَ فَجَمَعَ بَيْنَهُمَا، فَإِنْ زَاغَتِ الشَّمْسُ قَبْلَ أَنْ يَرْتَحِلَ  
صَلَّى الظُّهْرَ، ثُمَّ رَكِبَ. مُتَّفَقٌ عَلَيْهِ  
وَفِي رِوَايَةِ الْحَاكِمِ فِي «الْأَرْبَعِينَ» بِإِسْنَادِ الصَّحِيحِ: صَلَّى الظُّهْرَ وَالْعَصْرَ، ثُمَّ رَكِبَ  
وَلِأَبِي نُعَيْمٍ فِي «مُسْتَخْرَجِ مُسْلِمٍ»: كَانَ إِذَا كَانَ فِي سَفَرٍ، فَزَالَتْ الشَّمْسُ صَلَّى الظُّهْرَ  
وَالْعَصْرَ جَمِيعًا، ثُمَّ ارْتَحَلَ

صحيح. رواه البخاري (582 /2 - 583)، ومسلم (704)

বাংলা

৪৩৮. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য ঢলে পড়ার পূর্বে সফর শুরু করলে আসরের ওয়াক্ত পর্যন্ত যুহর বিলম্বিত করতেন এবং উভয় সালাত একত্রে আদায় করতেন। আর সফর শুরুর আগেই সূর্য ঢলে গেলে যুহর আদায় করে নিতেন। অতঃপর সওয়ারীতে উঠতেন।

আর হাকিমে আরবা'ঈন গ্রন্থে সহীহ সানাদে বর্ণিত আছে, তিনি [নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] যুহর ও 'আসরের উভয় সালাত আদায় করে (স্থান ত্যাগের জন্য) বাহনে আরোহণ করতেন।

আবু নু'আইম-এর 'মুস্তাখরাজি মুসলিম'-এ আছে : তিনি [নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] সফরে থাকা কালীন যখন সূর্য পশ্চিমে ঢলে যেত তখন তিনি যুহর ও 'আসরের সালাত একত্রে আদায় করতেন, তারপর রওয়ানা হতেন।[1]

## ফুটনোট

[1] বুখারী ১০৯২, ১১১১, ১১১২, মুসলিম ৭০৪, ৮৭৬, আবু দাউদ ১২০৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70249>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন